আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# উত্তরা ইউনিভার্সিটির নতুন উপ-উপাচার্য গোবিন্দ গোস্বামী

১৭ জানুয়ারি, ২০২৪ ১৪:০২

প্রেস বিজ্ঞপ্তি



উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য হিসেবে যোগদান করেছেন প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী। ১৬ জানুয়ারি তার যোগদান উপলক্ষে উত্তরা ইউনিভার্সিটির সভাকক্ষ্যে এক অভ্যর্থনা অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে ইউনিভার্সিটির  উপাচার্য ড. ইয়াসমীন আরা লেখা ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন নব-নিযুক্ত উপ-উপাচার্যকে।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. লেখা বলেন, আজ একটি নতুন দিনের শুভ সূচনা হতে যাচ্ছে। আমরা ড. গৌর গোবিন্দ গোস্বামীকে আমাদের উত্তরা ইউনিভার্সিটির পরিবারে নতুন একজন সদস্য

হিসেবে পেয়েছি। তার এই যোগদান উত্তরা ইউনিভার্সিটির অগ্রযাত্রায় আরো গতি সঞ্চার করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটির রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন। এছাড়া অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টির সদস্যবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, উপদেষ্টা, কোষাধ্যাক্ষ, বিভিন্ন বিভাগের ডিন, চেয়ারম্যানগণ।

উল্লেখ্য, রাষ্ট্রপতি ও উত্তরা ইউনিভার্সিটির আচার্য গত ১১ জানুয়ারি ২০২৪ তারিখে প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামীকে উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করেন।

বিডি প্রতিদিন/এএম